# পরিচ্ছেদ-৫: শব্দ গঠন

১. কোন কিছুর স্বাভাবিক বা কাল্পনিক অনুকৃতি বিশিষ্ট শব্দের রূপকে কী বলে?
ক ধ্বন্যাত্মক শব্দ খ অনুকার শব্দ
গ শব্দ দ্বৈত ঘ মৌলিক শব্দ — ক

২. 'ঘেউ ঘেউ' কোন জাতীয় শব্দ?
ক ধ্বন্যাত্মক শব্দ খ অনুকার শব্দ
গ মৌলিক শব্দ ঘ যৌগিক শব্দ — ক

৩. 'একমাত্র ছেলেটি বাবা-মায়ের আশা-ভরসার স্থল।'— দ্বিরুক্তিটি কীভাবে গঠিত? [ঢা. বো. ১৫]
ক একই শব্দ দু'বার ব্যবহার করে
খ সমার্থক শব্দযোগে
গ বিপরীত শব্দযোগে
ঘ জোড় শব্দের পর অংশ পরিবর্তন করে — খ

৪. 'হি হি' ধ্বন্যাত্মক শব্দটি কোন ধ্বনির অনুকৃতি?
ক জীবজন্তুর ধ্বনির অনুকৃতি
খ মানুষের ধ্বনির অনুকৃতি
গ বস্তুর ধ্বনির অনুকৃতি
ঘ অনুভূতির কাল্পনিক অনুকৃতি — খ

৫. 'ঠা ঠা রোদে ঘুরে বেড়িও না'— ধ্বন্যাত্মক শব্দটি কী প্রকাশ করেছে? [ঢা. বো. ১৫]
ক মানুষের ধ্বনির অনুকৃতি
খ জীবজন্তুর ধ্বনির অনুকৃতি
গ বস্তুর ধ্বনির অনুকৃতি
ঘ অনুভূতির কাল্পনিক অনুকৃতি — ঘ

৬. অনুভূতির কাল্পনিক অনুকৃতি কোনটি? [রা. বো. ১৫]
ক গুণগুণ খ কুহুকুহু
গ ঝিকিমিকি ঘ মড়মড় — গ

৭. নিচের কোন ধ্বন্যাত্মক শব্দগুলো মানুষের ধ্বনির অনুকৃতি?
ক হিহি, গুণগুণ, ট্যা ট্যা
খ গরগর, মড়মড়, চোঁ চোঁ
গ ঘচঘচ, গুড়গুড়, কা কা
ঘ খকখক, ঝমঝম, ছমছম — ক

৮. 'ট্যা ট্যা'— ধ্বন্যাত্মক শব্দটি কিসের অনুকৃতি?
ক জীবজন্তুর অনুকৃতি
খ বস্তুর ধ্বনির অনুকৃতি
গ অনুভূতির কাল্পনিক অনুকৃতি
ঘ মানুষের কাল্পনিক অনুকৃতি — ঘ

৯. কোনটি জীবজন্তুর ধ্বনির অনুকৃতি? [রা. বো. ১৪]
ক গর গর খ ঘড় ঘড়
গ ঝম ঝম ঘ চোঁ চোঁ — ক

১০. নিচের কোনটি মানুষের ধ্বনির অনুকৃতি?
ক ঘেউ ঘেউ খ পর পর
গ ঘড় ঘড় ঘ ভেউ ভেউ — ঘ

১১. কোনটি বস্তুর ধ্বনির অনুকৃতি? [সকল বোর্ড ১৩]
ক মড়মড় খ ঠা ঠা
গ ছম ছম ঘ ট্যা ট্যা — ক

১২. কোন ধ্বন্যাত্মক শব্দটি অনুভূতির কাল্পনিক অনুকৃতি?
ক গুণগুণ খ ফলফল
গ হিহি ঘ ছমছম — ঘ

১৩. অনুকার বাচক শব্দ কোনটি? [য. বো. ১৫]
ক মারধর খ জড়সড়
গ জ্বর জ্বর ঘ চাল চলন — খ

১৪. ধন্যাত্মক শব্দ তাৎপর্যময় অর্থ প্রকাশ করে কখন?
ক প্রত্যয়যুক্ত হলে খ বিভক্তিযুক্ত হলে
গ বাক্যে ব্যবহৃত হলে ঘ উপসর্গ যুক্ত হলে — গ

১৫. বস্তুর ধ্বনির অনুকৃতি কোনটি?
ক কলকল খ গুণগুণ
গ ছমছম ঘ গরগর — ক

১৬. দ্বিরুক্ত শব্দকে কয় ভাগে ভাগ করা যায়? [কু.বো. ১৫; ঢা. বো.; সি. বো. ১৪]
ক ১ প্রকার খ ২ প্রকার
গ ৩ প্রকার ঘ ৪ প্রকার — গ

১৭. এক শব্দ দুইবার ব্যবহার করে নতুন শব্দ গঠনের প্রক্রিয়াকে কী বলে?
ক দ্বিরুক্তি খ বক্র
গ অনুসর্গ ঘ উপসর্গ — ক

১৮. জোড় শব্দের পর আংশিক পরিবর্তনে দ্বিরুক্ত শব্দ গঠিত হয়েছে নিচের কোনটিতে? [দি. বো. ১৫]
ক ধন-দৌলত খ কানে কানে
গ বেচা-কেনা ঘ চেয়ে চিন্তে — ঘ

১৯. জোড় শব্দের পর-অংশ আংশিক পরিবর্তন করে শব্দদ্বৈত গঠিত হয়েছে কোনটিতে? [সি. বো. ১৫]
ক চেয়েচিন্তে খ সুখশান্তি
গ দেনা-পাওনা ঘ ঢাকঢোল — ক

২০. এক বা একাধিক অর্থপূর্ণ ধ্বনির সমষ্টিকে কী বলে?
ক বর্ণমালা খ শব্দ
গ শব্দমূল ঘ বাক্য — খ

২১. ব্যঞ্জনবর্ণের সাথে 'কার' যোগ করে কোন শব্দটি গঠিত হয়েছে?
ক বাড়ি খ দিগন্ত
গ অভাব ঘ ঢাকাই — ক

২২. ব্যঞ্জনবর্ণের সাথে 'ফলা' যুক্ত হয়ে কোন শব্দটি গঠিত হয়েছে?
ক নিরেট খ পদ্ধতি
গ বক্র ঘ জ্বলন — গ

২৩. নিচের কোনটি শব্দের শেষে বিভক্তি যোগে গঠিত?
ক বাড়ির খ সন্তাপ
গ পদ্ধতি ঘ বই — ক

Teachingbd.com

২৪. যে শব্দকে বিশ্লেষণ করা বা ভাঙা যায় না সেগুলোকে কী বলে?
ক সাধিত শব্দ  খ মৌলিক শব্দ
গ যৌগিক শব্দ  ঘ রূঢ় শব্দ  খ

২৫. মৌলিক শব্দ কোনটি? [ঢা. বো. ১৫]
ক ঘরামি  খ গাছ
গ হাতল  ঘ বাড়ির  খ

২৬. কোনটি শব্দগঠনের প্রাথমিক উপায়?
ক ব্যঞ্জনবর্ণের সাথে কার ও ফলা যোগ করা
খ শব্দের শেষে বিভক্তি ও উপসর্গ যোগ করা
গ শব্দের প্রথমে উপসর্গ ও প্রত্যয় যোগ করা
ঘ সমাস ও বিভক্তি যোগ করা  ক

২৭. কোনটি মৌলিক শব্দের উদাহরণ?
ক হাত  খ আমাকে
গ ভাবুক  ঘ সন্তাপ  ক

২৮. নিচের কোনটি মৌলিক শব্দ?
ক ডুবুরি  খ ঘরামি
গ পাখি  ঘ ইত্যাদি  গ

২৯. যে শব্দকে বিশ্লেষণ করে আলাদা অর্থ পাওয়া যায় সেগুলোকে কী বলে?
ক মৌলিক শব্দ  খ যৌগিক শব্দ
গ রূঢ় শব্দ  ঘ সাধিত শব্দ  ঘ

৩০. নিচের কোনটি মৌলিক শব্দ?
ক সুকণ্ঠ  খ পাগল
গ অথৈ  ঘ লাজুক  খ

৩১. 'আমাকে' শব্দটি গঠিত হয়েছে?
ক বিভক্তিযোগে  খ প্রত্যয়যোগে
গ সন্ধিযোগে  ঘ সমাসযোগে  ক

৩২. নিচের কোনগুলো উপসর্গ?
ক আ, নি, বি, সু  খ আই, অন, ইক, খানা
গ কে, র, এ, অন  ঘ আ, আই, সু, অন  ক

৩৩. উপসর্গ যুক্ত হয় শব্দের কোথায়?
ক আগে  খ মাঝে
গ শেষে  ঘ আলাদা  ক

৩৪. উপসর্গ কোথায় যুক্ত হয়ে নতুন শব্দ গঠিত হয়?
ক শব্দের শেষে  খ শব্দের মাঝে
গ শব্দের প্রথমে  ঘ দুই শব্দের সাথে  গ

৩৫. 'অনীল' শব্দটি কীভাবে গঠিত হয়েছে?
ক বিভক্তিযোগে  খ উপসর্গযোগে
গ প্রত্যয়যোগে  ঘ সন্ধিযোগে  খ

৩৬. উপসর্গ যোগে গঠিত শব্দ কোনটি? [রা. বো. ১৪]
ক পদ্ধতি  খ সংবাদ
গ বিজ্ঞান  ঘ পরিচ্ছদ  গ

৩৭. 'বিবর্ণ' সাধিত শব্দটি নিচের কোন উপায়ে গঠিত?
ক সমাসের সাহায্যে  খ সন্ধির সাহায্যে
গ শব্দ দ্বৈতের মাধ্যমে  ঘ উপসর্গের মাধ্যমে  ঘ

৩৮. উপসর্গযোগে গঠিত শব্দ কোনটি? [কু. বো. ১৫]
ক সুদিন  খ ভাবুক
গ দিগন্ত  ঘ নদীমাতৃক  ক

৩৯. আই, উক, অন, খানা— এগুলো কী?
ক প্রত্যয়  খ উপসর্গ
গ বিভক্তি  ঘ অনুসর্গ  ক

৪০. 'বিদ্যালয়' শব্দটি কীভাবে গঠিত হয়েছে?
ক প্রত্যয়যোগে  খ উপসর্গযোগে
গ সমাসযোগে  ঘ সন্ধিযোগে  ঘ

৪১. 'বসতবাড়ি' কী উপায়ে গঠিত সাধিত শব্দ? [ঢা. বো. ১৫]
ক সন্ধিযোগে  খ প্রত্যয়যোগে
গ সমাসযোগে  ঘ উপসর্গযোগে  গ

৪২. প্রত্যয়যোগে সাধিত শব্দ কোনটি? [ঢা. বো. ১৪]
ক সাহিত্যিক  খ সুদিন
গ বিজ্ঞান  ঘ বিদ্যালয়  ক

৪৩. কোন শব্দটি সন্ধিযোগে গঠিত?
ক সন্তাপ  খ বৈঠক
গ নদীমাতৃক  ঘ অভাব  ক

৪৪. নিচের কোনটি সন্ধি সাধিত শব্দ?
ক পরিচ্ছদ  খ মুখবন্ধ
গ জ্বলন  ঘ দৈনিক  ক

৪৫. কোনটি সমাস গঠিত শব্দ?
ক কর্তব্য  খ অবোধ
গ মধুচন্দ্র  ঘ উক্ত  গ

৪৬. নিচের কোনটি সমাস সাধিত শব্দ? [সি. বো. ১৫]
ক আগমন  খ ভাবুক
গ নদীমাতৃক  ঘ দিগন্ত  গ

৪৭. সমাসবদ্ধ পদের অংশগুলো বিচ্ছিন্ন করে দেখাবার জন্য কোন যতি চিহ্ন বসে? [সি. বো. ১৫]
ক কমা  খ সেমিকোলন
গ কোলন  ঘ হাইফেন  ঘ

৪৮. উপসর্গের সাথে বিভক্তির পার্থক্য—
ক উপসর্গ বসে শব্দের শেষে বিভক্তি প্রথমে
খ বিভক্তি বসে প্রথমে উপসর্গ শেষে
গ উপসর্গ বসে প্রথমে বিভক্তি শেষে
ঘ উপসর্গ বসে শব্দের মাঝে বিভক্তি শেষে  গ

৪৯. 'গর গর' কোন ধরনের শব্দ?
ক ধ্বন্যাত্মক শব্দ  খ অনুকার শব্দ
গ মৌলিক শব্দ  ঘ যৌগিক শব্দ  ক

৫০. গঠনগতভাবে বাংলা শব্দ কত প্রকার?
ক ২  খ ৩
গ ৪  ঘ ৫  ক

http://teachingbd.com

৫১. যে বর্ণ বা বর্ণ সমষ্টি শব্দ বা ধাতুর পূর্বে বসে নতুন শব্দ গঠন করে তাকে কী বলে?
ক) প্রত্যয় খ) সমাস
গ) বিভক্তি ঘ) উপসর্গ — ঘ

৫২. বিবর্ণ, আগমন, অভাব— শব্দগুলো কীভাবে গঠিত হয়েছে?
ক) উপসর্গযোগে খ) প্রত্যয়যোগে
গ) সন্ধিযোগে ঘ) বিভক্তিযোগে — ক

৫৩. 'উৎ'-উপসর্গের সাথে ব-ফলা যুক্ত হলে ব-এর উচ্চারণ— [দি. বো. ১৫]
ক) দ্বিত্ব হয় খ) অতিরিক্ত ঝোঁক পড়ে
গ) বহাল থাকে ঘ) অনুচ্চারিত থাকে — গ

৫৪. 'বিজ্ঞান' শব্দটি কীভাবে গঠিত হয়েছে? [ব. বো. ১৫]
ক) সন্ধির সাহায্যে খ) প্রত্যয় যোগ করে
গ) উপসর্গের মাধ্যমে ঘ) সমাসের মাধ্যমে — গ

৫৫. উপসর্গের প্রধান কাজ কী?
ক) শব্দ গঠন করা
খ) শব্দকে সংকোচিত করা
গ) শব্দকে সম্প্রসারণ করা
ঘ) শব্দের উৎস নির্দেশ করা — ক

৫৬. শব্দ বা ধাতুর পরে যে বর্ণ বা বর্ণ সমষ্টি যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে, তাকে কী বলে?
ক) উপসর্গ খ) প্রত্যয়
গ) সন্ধি ঘ) বিভক্তি — খ

৫৭. 'মেধাবী' শব্দটি কোন প্রত্যয় দ্বারা গঠিত?
ক) বি খ) বিন
গ) ইন ঘ) মেধা — খ

৫৮. 'ইক' প্রত্যয় যোগে গঠিত শব্দ কোনটি?
ক) মিশুক খ) মিথ্যুক
গ) বার্ষিক ঘ) লাজুক — গ

৫৯. 'তব্য' প্রত্যয় যোগে গঠিত শব্দ কোনটি?
ক) বক্তব্য খ) গন্তব্য
গ) কর্তব্য ঘ) সবগুলোই — ঘ

৬০. 'বাঙালি' শব্দটি গঠিত হয়েছে কোন প্রত্যয়যোগে?
ক) ই খ) আলি
গ) বাঙাল ঘ) বাং — ক

৬১. প্র, পরা, নির, বি— এগুলো কী?
ক) প্রত্যয় খ) উপসর্গ
গ) অনুসর্গ ঘ) বিভক্তি — খ

৬২. অ, আ, অনা, কু, নি— এগুলো কী?
ক) বাংলা উপসর্গ খ) বাংলা প্রত্যয়
গ) অনুসর্গ ঘ) বিভক্তি — ক

৬৩. 'সলিলসমাধি' শব্দটি কীভাবে গঠিত হয়েছে?
ক) প্রত্যয়যোগে খ) উপসর্গযোগে
গ) বিভক্তিযোগে ঘ) সমাসযোগে — ঘ

৬৪. সমাস শব্দকে কী করে?
ক) শ্রুতিমধুর করে
খ) অর্থময় করে
গ) প্রসারিত করে
ঘ) নতুন ভাবের দ্যোতনা দেয় — ক

৬৫. 'লাল লাল' শব্দটি কীভাবে গঠিত হয়েছে?
ক) সমাসযোগে
খ) প্রত্যেয় যোগে
গ) দ্বিরুক্তিযোগে
ঘ) উপসর্গযোগে — গ

৬৬. কোনটি দ্বিরুক্তি যোগে গঠিত শব্দ?
ক) ফিটফাট খ) হিহি
গ) শীত শীত ঘ) ঘেউঘেউ — গ

৬৭. 'দুঃখ এবং বিপদ একসাথে আসে'— গঠন অনুসারে কোন ধরনের বাক্য? [কু. বো. ১৫]
ক) সরল খ) মিশ্র
গ) জটিল ঘ) যৌগিক — ঘ

teachingbd.com